

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৩

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২. দাঁড়িয়ে পেশাব করা

باب الْبَوْلِ قَائِمًا

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، وَمُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَا حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، _ وَهَذَا لَفْظُ حَفْصٍ _ عَنْ سُلَيْمَانَ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ حُذَيْفَةَ، قَالَ أَتَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم سُبَاطَةَ قَوْمٍ فَبَالَ قَائِمًا ثُمَّ دَعَا بِمَاءٍ فَمَسَحَ عَلَى خُفَيْهِ . قَالَ أَبُو دَاؤُدَ قَالَ مُسَدَّدُ قَالَ فَذَهَبْتُ أَتَبَاعَدُ فَدَعَانِي حَتَّى كُنْتُ عِنْدَ عَقِبِهِ .

صحيح : ق

বাংলা

২৩। হুযাইফাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক সম্প্রদায়ের ময়লার স্তুপের নিকট গিয়ে দাঁড়িয়ে পেশাব করলেন। অতঃপর পানি আনালেন এবং মোজা মাসাহ্ করলেন।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, মুসাদ্দাদ আরো বর্ণনা করেছেনঃ হুযায়ফাহ্ (রাঃ) বলেন, (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পেশাব করবেন বুঝতে পেরে) আমি পেছনের দিকে সরে যেতে থাকলাম। তিনি আমাকে ডাকলেন। এমনকি আমি তাঁর পায়ের গোড়ালীর নিকট ছিলাম (তার পিছনে এসে দাঁড়ালাম)।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Narrated Hudhaifah:

The Apostle of Allaah (sal Allaahu alayhi wa sallam) came to a midden of some people and urinated while standing. He then asked for water and



wiped his shoes.

Abu Dawud said: Musaddad, a narrator, reported: I went far away from him. He then called me and I reached just near his heals.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ উযু, সাথীর নিকটে বসে পোশাব করা এবং দেয়ালের আড়াল করা হাঃ ২২৫), মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মোজাদ্বয়ের উপর মাসাহ্ করা) শু'বাহ সূত্রে।

হাদীস থেকে শিক্ষাঃ

- 🕽 । কারণ বশতঃ দাড়িয়ে পেশাব কর জায়িয।
- ২। মুকীম অবস্থায় মোজাদ্বয়ের উপর মাসাহ্ করা শারী আত সম্মত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন